



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (২য় খন্ড)/২০১১/২২০৫

তারিখঃ ৩০/১১/২০১৫ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৫৬০ তম কমিশন সভা অদ্য ৩০/১১/২০১৫ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন আজকের সভায় Doreen Power Generations and Systems Limited এর প্রতিটি ২৯.০০ টাকা (১৯ টাকা প্রিমিয়াম সহ) মূল্যের ২.০০ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দিয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ৫৮.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে ২টি সাবসিডিয়ারী কোম্পানীর পাওয়ার প্লান্ট স্থাপন, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির গত ৫ বৎসরের weighted average শেয়ার প্রতি আয় (EPS) টাঃ ৩.১৯ এবং ৩০ জুন, ২০১৪ সালের সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী নেট এ্যাসেট ভ্যালু (NAV) ৩৪.৮৭ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Alliance Financial Services Limited এবং ICB Capital Management Limited।
২. ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর আবেদনের প্রেক্ষিতে এবং পুঁজিবাজারের স্বার্থ তথা বিনিয়োগকারীদের স্বার্থের বিষয়টি বিবেচনায় নিয়ে কমিশন Margin Rules, 1999 এর Rule 3(5) এর কার্যকারিতা স্থগিতাদেশের মেয়াদ ১লা জানুয়ারী ২০১৬ থেকে ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত বর্ধিত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৩. স্টক ব্রোকার/স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকারের নিজস্ব ও মক্কেলের পোর্টফোলিওতে ৩১ ডিসেম্বর ২০১৫ইং সমাপ্ত বৎসরে উদ্ভূত পুনঃমূল্যায়নজনিত ক্ষতির (Un-realized loss) বিপরীতে রক্ষিতব্য প্রতিশন সংরক্ষণের জন্য সময় বৃদ্ধির বিষয়ে বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন ও ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ইতোপূর্বে জারীকৃত এ সংক্রান্ত কমিশনের নির্দেশনা নং- এসইসি/সিএসআরআরসিডি/২০০৯-১৯৩/১৬৬, তারিখঃ জানুয়ারী ১২, ২০১৫ইং এর অনুরূপ প্রতিশন সংরক্ষণের সময় বৃদ্ধির ঐচ্ছিক সুবিধা গ্রহণের বিষয়টি অনুমোদন করেছে, যা এককালীন সংরক্ষণের পরিবর্তে ডিসেম্বর ২০১৫ইং হতে ডিসেম্বর ২০১৬ইং পর্যন্ত ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষণ করা যাবে।
৪. পুঁজিবাজারের বৃহত্তর স্বার্থে পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের বিশেষ স্কীমের আওতায় সকল পাবলিক ইস্যুতে ২০% কোটা সংরক্ষণের মেয়াদ আগামী ০১ লা জুলাই ২০১৬ ইং তারিখ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত (অর্থাৎ ১ বৎসর) বর্ধিত করার জন্য কমিশন মন্ত্রণালয়ের কাছে সুপারিশ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।





# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

৫. প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে নতুন তালিকাভুক্ত কোম্পানীর পরিচালক এবং ৫% বা তার অধিক শেয়ার ধারকদের ক্ষেত্রে তালিকাভুক্তির পরে ঘোষিত এবং প্রাপ্ত বোনাস শেয়ার প্রসপেক্টাস প্রকাশনার তারিখ হতে ২ বছরের জন্য লক-ইন (lock-in) থাকবে বলে কমিশন সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে।
৬. ইউনিটহোল্ডারদের বিশেষ সভায় গৃহীত “প্রথম আইসিবি মিউচুয়াল ফান্ড” -কে মেয়াদী মিউচুয়াল ফান্ড থেকে বে-মেয়াদী স্কিম এ রূপান্তরের প্রস্তাব কমিশন আজকের সভায় অনুমোদন প্রদান করেছে।
৭. ইউনিটহোল্ডারদের বিশেষ সভায় “এইমস ফার্স্ট গ্যারান্টেড মিউচুয়াল ফান্ড” -কে মেয়াদী মিউচুয়াল ফান্ড হতে বে-মেয়াদী স্কিম এ রূপান্তরের বিপক্ষে প্রস্তাব গৃহীত হওয়ায় বিধিমালা মোতাবেক উক্ত ফান্ডকে অবসায়ন কার্যক্রম সম্পন্ন করার প্রস্তাবে কমিশন অদ্যকার সভায় অনুমোদন প্রদান করেছে।
৮. ইউনিটহোল্ডারদের বিশেষ সভায় “গ্রামীণ ওয়ান: দি ফার্স্ট স্কিম অব গ্রামীণ মিউচুয়াল ফান্ড ওয়ান” -কে মেয়াদী মিউচুয়াল ফান্ড হতে বে-মেয়াদী স্কিম এ রূপান্তরের বিপক্ষে প্রস্তাব গৃহীত হওয়ায় বিধিমালা মোতাবেক উক্ত ফান্ডকে অবসায়ন কার্যক্রম সম্পন্ন করার প্রস্তাবে কমিশন আজকের সভায় অনুমোদন প্রদান করেছে।
৯. The Premier Bank Limited এর ২০০ কোটি টাকার Non-convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Unlisted, Fully Redeemable, Fixed Rated, Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে, শুধুমাত্র স্থানীয় আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানী, কর্পোরেট বডি এবং উচ্চ সম্পদধারী ব্যক্তিরাই (high net worth individuals) প্রাইভেট প্রেসমেন্টের মাধ্যমে এই বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে The Premier Bank Limited, Basel III এর শর্ত পূরণ করবে। The Premier Bank Limited, Non-convertible Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিজিত মূল্য ১ কোটি টাকা। এই বন্ডের Mandated Lead Arranger এবং Trustee হিসাবে কাজ করছে যথাক্রমে RACE Portfolio & Issue Management Limited ও FBL Securities Limited।



মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক

ও

মুখপাত্র।